# YouScreen

Cervical Screening Made Easier

## অংশগ্রহণকারীর তথ্যপত্র

আমরা আপনাকে সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য সেল্ফ-স্যাম্পলিং কিট (ইউস্ক্রীন(YouScreen)) সম্বন্ধে একটি গবেষণা সমীক্ষাতে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাচ্ছি। অংশগ্রহণের সিদ্ধান্ত নেওয়ার আগে, ইউস্ক্রীন(YouScreen) কিট কী এবং অংশগ্রহণ বলতে কী অর্থ বোঝায় তা আপনার বোঝা জরুরী।

এই পুস্তিকাটি মনোযোগ সহকারে পড়ুন এবং আপনার কোনো প্রশ্ন থাকলে বা কোনো কথা স্পষ্ট না বুঝলে আমাদের সঙ্গে যোগাযোগ করুন।

## লক্ষ্যণীয় বিষয়গুলি

### কারা?

✓ সার্ভিকাল স্ক্রীনিং সময়মত হয়নি এমন নারী এবং জরায়ুযুক্ত ব্যক্তিবর্গ

### কী?

✓ সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য বিনামূল্যে সেল্ফ-স্যাম্পলিং কিট দেওয়ার একটি গবেষণা সমীষা

✓ সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য আপনি নিজেই নমুনা গ্রহণ করতে পারেন:

- ব্যক্তিগতভাবে / বাড়িতে
- আরামদায়কভাবে (বেশিরভাগ নারীরই এটিতে কোনো ব্যথা অনুভূত হয় নি)
- কোনো পরীক্ষা বা অ্যাপয়েন্টমেন্ট ছাড়া
- এবং এটি পোস্টে ফেরত পাঠানো হয় (কোনো স্ট্যাম্পের প্রয়োজন নেই)

ইউস্ক্রীন(YouScreen) হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV) পরীক্ষার জন্য যোনি থেকে একটি সোয়াব নেওয়া হয়। এই পুস্তিকায় HPV সম্বন্ধে আরও তথ্য রয়েছে।

বেশিরভাগ মহিলারই HPV থাকে না। তবে, আপনার নমুনায় HPV পাওয়া গেলে, **কোনো চিকিৎসক বা নার্স আরেকবার আপনার নমুনা সংগ্রহ করবেন**। কোনো অস্বাভাবিক সার্ভিকাল কোষ আছে কিনা পরীক্ষার জন্য এটি করা হয়। চিকিৎসা না করানো হলে সার্ভিকাল ক্যান্সারে অস্বাভাবিক কোষগুলি বেড়ে উঠতে পারে।

## ইউস্ক্রীন(YouScreen) গবেষণা সমীক্ষাটি কী?

ইউস্ক্রীন(YouScreen) হল একটি গবেষণা সমীক্ষা। সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য একটি সেল্ফ-স্যাম্পলিংয়ে অংশগ্রহণ করতে উত্তর এবং পূর্ব লন্ডন থেকে 31,000 নারী এবং জরায়ুযুক্ত ব্যক্তিবর্গকে আমন্ত্রণ জানানো হবে। ইংল্যান্ডের মধ্যে লন্ডনে সার্ভিকাল স্ক্রীনিং সবথেকে কম হয় বলে মনে করা হয়। যে মহিলারা নিয়মিত সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য আসেন না, তাদের সার্ভিকাল ক্যান্সার হওয়ার সম্ভাবনা বেশি থাকে। আমরা আসা করি ইউস্ক্রীন(YouScreen) সেল্ফ-স্যাম্পলিং কিটগুলি সার্ভিকাল স্ক্রীনিংকে সহজতর করবে এবং আরও বেশি মহিলাকে স্ক্রীনিং করতে সাহায্য করবে।

আমরা দু'ভাবে ইউস্ক্রীন(YouScreen) কিটগুলি দিচ্ছি: ডাকযোগে অথবা আপনার GP-র চিকিৎসা কেন্দ্রে।

## আমরা আপনাকে কেন আমন্ত্রণ জানাচ্ছি?

আপনি এমন একটি এলাকার বসবাস করেন, যেখানে আমরা গবেষণা সমীক্ষাটির অংশ হিসাবে, সেসব নারীদের YouScreen কিটগুলি প্রদান করছি, যাদের সাভিকাল স্ক্রীনিং-এর সময় বিলম্বিত হয়েছে। নারী বলতে আমরা জরায়ুযুক্ত যেকোনো ব্যক্তিবর্গকে বোঝাই - জরায়ুযুক্ত রূপান্তরকামী পুরুষও এক্ষেত্রে যোগ্য হবেন। ইউস্ক্রীন (YouScreen) কিটগুলি কেবলমাত্র উত্তর এবং পূর্ব লন্ডনে উপলব্ধধ রয়েছে। আপনার GP গবেষণা সমীক্ষাটিতে নিবন্ধন করেছেন।

## ইউস্ক্রীন(YouScreen) কিটটি কী?

ইউস্ক্রীন(YouScreen) কিট সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য একটি যোনি-সংক্রান্ত সোয়াব ব্যবহার করে (একটি লম্বা তুলোর কুঁড়ির মতো) আপনাকে নিজের নমুনা গ্রহণের সুযোগ দেয়। এটি বিনামূল্যে দেওয়া হয়, ব্যবহার করা সহজ এবং আপনার সময়-সুযোগ এবং জায়গা মত করা

যেতে পারে। আপনার কোনো অ্যাপয়েন্টমেন্ট বা পরীক্ষার প্রয়োজন নেই। বেশিরভাগ নারীর কাছেই এটি স্বাচ্ছন্দ্যজনক এবং ব্যথামুক্ত মনে হয়েছে।

আপনি আপনার নমুনা পরীক্ষাগারে ফেরত পাঠালে, সেই নমুনায় প্যাপিলোমা ভাইরাস (HPV) আছে কিনা তারা পরীক্ষা করবেন।

## HPV কী?

হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV) একটি সাধারণ ভাইরাস। বেশিরভাগ মানুষই জীবনের কোনো না কোনো সময় এটিতে আক্রান্ত হবেন। সাধারণত: আপনার রোগ প্রতিরোধ ক্ষমতা দিয়েই আপনার অজান্তে এই ভাইরাসে আক্রান্ত থাকাকালীন অবস্থা থেকে মুক্তি পান। তবে কখনও কখনও HPV-র ফলে আপনার জরায়ুর কোষগুলি অস্বাভাবিক হয়ে ওঠে। সাধারণত:, আপনার শরীর এই অস্বাভাবিক কোষগুলি নির্মূল করে আপনার জরায়ুকে স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে পারে। তবে সেটি না হলে, এই অস্বাভাবিক কোষগুলি বেড়ে ক্যান্সারের আকার নিতে পারে। আপনি HPV এবং সার্ভিকাল স্ক্রীনিং সম্বন্ধে আরও তথ্য এখানে পেতে পারেন: www.gov.uk/phe/cervical-screening-leaflet

## আমি অংশগ্রহণ করতে চাইলে আমাকে কী করতে হবে?

আপনি অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিলে, আপনাকে এগুলি করতে হবে:

1. নমুনা সংগ্রহের জন্য ইউস্ক্রীন(YouScreen) কিটে দেওয়া নির্দেশাবলী অনুসরণ করুন
2. নমুনার টিউবের উপর নমুনা গ্রহণের দিনটি লিখুন
3. পরীক্ষাগারের অনুরোধকৃত সম্মতিপত্রে বিশদ তথ্য পূরণ করুন
4. আপনার নমুনা এবং সম্মতিপত্র পরীক্ষাগারে পাঠাতে ফ্রিপোস্ট খাম ব্যবহার করুন। অনুগ্রহ করে, নমুনা গ্রহণের পাঁচদিনের মধ্যে এটি করুন।

আপনার ইউস্ক্রীন(YouScreen) নমুনার সাথে আপনার পরীক্ষাগারের সম্মতিপত্রটি সম্পূর্ণ করে পাঠাতে ভুলবেন না

আপনি অংশগ্রহণ করলে, আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা হিসাবে আপনি একটি সেল্ফ-স্যাম্পল করার বিকল্পটি বেছে নেবেন। এর অর্থ হল HPV পরীক্ষায় আপনার ফল নেগেটিভ এলে (কোনো HPV না পাওয়া গেলে), 3 থেকে 5 বছরের মধ্যে আপনার পরবর্তী সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য (আপনার বয়সের উপর নির্ভর করে) আপনাকে আমন্ত্রণ জানানো হবে।

আপনার নমুনা ফেরত পাঠিয়ে, আপনি পরীক্ষাগার থেকে আপনার সম্বন্ধে তথ্য সংগ্রহের জন্য গবেষণা সমীক্ষা দলকে সম্মতি দিচ্ছেন। এই তথ্য সংগ্রহের মধ্যে আপনার সেল্ফ-স্যাম্পলের ফলাফল এবং পরবর্তীকালে কোনো সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা হলে তার ফলাফল অন্তর্ভুক্ত থাকবে। আপনি পরবর্তী সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা ও চিকিৎসার জন্য আপনার স্থানীয় হাসপাতালে গিয়ে থাকলে, হাসপাতাল রেকর্ড থেকে পাওয়া তথ্যও পরীক্ষাগারটি আমাদের প্রদান করবে। গবেষণা সমীক্ষাটি শেষ হওয়ার 3 থেকে 6 বছর পরে সেল্ফ-স্যাম্পল ফেরত

দিয়েছেন এমন কোনো ব্যক্তির রোগনির্ণয়ের তথ্য ন্যাশনাল ক্যান্সার রেজিস্ট্রির কাছে চাওয়ার অনুমতিও, এই নমুনা ফেরত দিয়ে আপনি আমাদের দিচ্ছেন।

কীভাবে আপনার তথ্য ব্যবহৃত হবে, সেই সম্বন্ধে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে 10 পৃষ্ঠায় 'আমার সম্বন্ধে সংগৃহীত তথ্য আপনি কীভাবে ব্যবহার করবেন' অংশটি দেখুন।

সেল্ফ-স্যাম্পলিং এবং সার্ভিকাল স্ক্রীনিং সম্বন্ধে আপনার মতামতের মূল্য আমরা দেব। আপনার কিটের সঙ্গে আমরা একটি প্রশ্নাবলী সংযুক্ত করেছি। আপনি প্রশ্নাবলীটি ফেরত পাঠালে, আমরা আপনার মেডিক্যাল রেকর্ডের প্রাসঙ্গিক তথ্যের সঙ্গে আপনার উত্তরগুলি সংযুক্ত করব। প্রশ্নাবলীটি ঐচ্ছিক। আপনি এটি ফেরত না পাঠালেও HPV এর জন্য আপনার নমুনা পরীক্ষা করা হবে।

ভবিষ্যতের গবেষণার জন্য আপনার অবশিষ্ট ইউস্ক্রীন(YouScreen) নমুনা রেখে দেওয়ার জন্যও আমরা আপনার অনুমতি চাই ( 4 পৃষ্ঠায় 'আমার দেওয়া নমুনাটির কী হবে?' অংশটি দেখুন) এটি ঐচ্ছিক। আপনি অনুমতি দিতে না চাইলেও, HPV এর জন্য আপনার নমুনা পরীক্ষা করা হবে।

## আমি গর্ভবতী, আমি কি ইউস্ক্রীন(YouScreen) কিট ব্যবহার করতে পারি?

আপনি যদি গর্ভবতী হন অথবা গর্ভবতী হতে পারেন বলে মনে হয়, তাহলে অনুগ্রহ করে, আপনার ইউস্ক্রীন(YouScreen) কিটটি ব্যবহার **করবেন না**। আমরা গর্ভবতী মহিলাদের সন্তান জন্মানোর পরে সার্ভিকাল স্ক্রীনিং করানোর জন্য 12 সপ্তাহ অপেক্ষা করার পরামর্শ দিয়ে থাকি।

আপনার কোনো প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে, আপনার GP-র সঙ্গে কথা বলুন।

## সেল্ফ-স্যাম্পল কি কোনো চিকিৎসক বা নার্সের নেওয়া নমুনার মতোই ভাল?

**কোনো চিকিৎসক বা নার্সের গ্রহণ করা নমুনা সবথেকে বেশি কার্যকর।** তবে, কোনো চিকিৎসক বা নার্সকে দিয়ে আপনি আপনার সার্ভিকাল স্ক্রীনিংয়ের নমুনা সংগ্রহ করাতে না চাইলে সেল্ফ-স্যাম্পল একটি খুব ভাল বিকল্প হতে পারে। ইতিমধ্যেই অন্যান্য দেশগুলিতে নিয়মিতভাবে সেল্ফ-স্যাম্পলিংয়ের সুযোগ প্রদান দেওয়া হয়েছে।

## আমি কোনো চিকিৎসক বা নার্স নই- আমি কি সঠিকভাবে সেল্ফ-স্যাম্পল নিতে পারি?

গবেষণায় দেখা গিয়েছে, 100 জনের মধ্যে 99 জন মহিলা সঠিকভাবে সেল্ফ-স্যাম্পল নিতে পারেন। প্রথাগত সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষাগুলির থেকে সেল্ফ-স্যাম্পলিং আলাদা। আপনাকে আপনার যোনির বেশি ভিতরে যেতে হবে না। HVP একটি ভাইরাস হওয়ায় এটি আপনার যোনির ভিতরের পুরো জায়গাটাতেই উপস্থিত থাকবে। কীভাবে কিটটি ব্যবহার করতে হবে বিষয়ে সম্পূর্ণ নির্দেশাবলী আমরা অন্তর্ভুক্ত করেছি। আপনি এখানে সেল্ফ-স্যাম্পলিং এবং

ইউস্ক্রীন(YouScreen) ভিডিওয়ের উপর আরও তথ্যও পেতে পারেন: https://www.smallc.org.uk/youscreen

## আমি কীভাবে আমার ইউস্ক্রীন(YouScreen) কিট পরীক্ষার ফলাফল পাবো?

আপনি আপনার ইউস্ক্রীন(YouScreen) কিট পরীক্ষাগারে ডাকযোগে পাঠানোর পরে 14 দিনের মধ্যে আমরা আপনাকে ফলাফল ডাকযোগে পাঠানোর আশা রাখি। আমরা একটি প্রতিলিপি আপনার GP-র কাছেও পাঠাবো।

## ইউস্ক্রীন(YouScreen) কিট পরীক্ষার ফলাফল

ইউস্ক্রীন(YouScreen) কিট থেকে 3টি ফলাফলের সম্ভাবনা আছে:

1. **কোনো HPV পাওয়া যায় নি (HPV নেগেটিভ)**

   বেশিরভাগ নারীরই HPV পরীক্ষার ফল নেগেটিভ আসে। কোনো HPV পাওয়া না গেলে, আপনাকে আর কিছু করতে হবে না। আপনার সার্ভিকাল স্ক্রীনিং আপ টু ডেট হয়ে যাবে। NHS সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রাম, 3 থেকে 5 বছরের মধ্যে আপনাকে আপনার পরবর্তী স্ক্রীনিংয়ের জন্য (আপনার বয়সের উপর নির্ভর করে) আমন্ত্রণ জানাবে।

2. **HPV পাওয়া গেছে (HPV পজিটিভ)**

   আপনার নমুনায় আমরা HPV পেলে, কোনো চিকিৎসক বা নার্সের কাছে একটি ফলো-আপ সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষার অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য আমরা আপনাকে পরামর্শ দেবো। আপনি উপস্থিত না হলে, আপনার GP বা NHS সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রাম পরবর্তী আমন্ত্রণগুলির জন্য আপনার সঙ্গে যোগাযোগ করতে পারে।

> জো'জ(Jo's) সার্ভিকাল ক্যান্সার ট্রাস্ট HPV এবং সার্ভিকাল স্ক্রীনিং সম্বন্ধে পরামর্শ, সহযোগিতা এবং তথ্য প্রদান করে। আপনি আপনার GP-র কাছে যেতে সক্ষম না হলে এটি বিশেষভাবে উপযোগী হতে পারে। তাদের হেল্পলাইন সম্পূর্ণভাবে গোপনীয়, এবং কোনো প্রশ্নই খুব বড় বা ছোট নয়: 0808 801 0408

3. **অনুপলব্ধ ফলাফল**

   আপনার ফলাফল অনুপযুক্ত বা অনুপলব্ধ হলে, আমরা আপনাকে আপনার সেল্ফ-স্যাম্পল পরীক্ষাটি আরেকবার করার জন্য অনুরোধ করব। আমরা কয়েক সপ্তাহের মধ্যে আপনাকে ডাকযোগে আরেকটি কিট পাঠাবো।

   একটি পরীক্ষা নিম্নলিখিত কারণে অনুপযুক্ত বা অনুপলব্ধ হতে পারে:

   - পরীক্ষাগার আপনার নমুনা থেকে কোনো HPV পরীক্ষার ফলাফল পেতে সক্ষম হয়নি
   - নমুনার টিউবে অথবা ল্যাবের সম্মতিপত্রে কোনো তথ্য অপর্যাপ্ত রয়েছে

- পরীক্ষাগারে নমুনাটি সময়মতো এসে পৌঁছায়নি

## আমাকে কি অংশগ্রহণ করতেই হবে?

**আপনি অংশগ্রহণ করবেন কি না তা আপনার সিদ্ধান্ত।** আপনি নমুনা পাঠালে, আমরা নিশ্চিত হব যে আপনি অংশগ্রহণ করতে চান এবং সেই অনুযায়ী আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষার জন্য সেল্ফ-স্যাম্পল গ্রহণের সম্মতি জানিয়েছেন। এর অর্থ হল HPV পরীক্ষায় আপনার ফল নেগেটিভ এলে (কোনো HPV না পাওয়া গেলে), 3 থেকে 5 বছরের মধ্যে আপনার পরবর্তী সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য (আপনার বয়সের উপর নির্ভর করে) আপনাকে আমন্ত্রণ জানানো হবে।

আপনি যদি অংশগ্রহণ না করেন এবং পরবর্তীতে সিদ্ধান্ত পরিবর্তন করেন, তাহলে যে কোনো সময় আমাদের কোনো কারণ না জানিয়ে সম্মতি প্রত্যাহার করতে পারেন। এটি ভবিষ্যতে NHS এর মধ্যে হওয়া আপনার কোনো পরিচর্যাকে প্রভাবিত করবে না। আপনি NHS এর সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রামে অন্তর্ভুক্ত থেকে যাবে।

**আপনি অংশগ্রহণ করতে না চাইলে, নমুনাটি ফেরত পাঠাবেন না।**

## আমি সেল্ফ-স্যাম্পল না চাইলে, অন্য কীভাবে সার্ভিকাল স্ক্রিনিং করতে পারি?

আপনি আপনার GP-র চিকিৎসা কেন্দ্রে একটি সার্ভিকাল স্ক্রীনিং করার অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করতে পারেন। পরীক্ষাটি একজন চিকিৎসক বা নার্স করবেন। আপনার স্থানীয় যৌন স্বাস্থ্যের ক্লিনিকেও সার্ভিকাল স্ক্রীনিংয়ের সুযোগ থাকতে পারে। আপনার সার্ভিকাল স্ক্রীনিং নিয়ে কোনো উদ্বেগ থাকলে, আপনি আপনার GP বা প্র্যাকটিস নার্সের সঙ্গে কথা বলতে পারেন। আপনি আপনার GP-র চিকিৎসা কেন্দ্রে সার্ভিকাল স্ক্রীনিং করানোর সিদ্ধান্ত নিলে, মনে রাখবেন যে, কোনো মহিলা চিকিৎসক বা নার্সকে দিয়ে নমুনা সংগ্রহের জন্য অনুরোধ করতে পারেন। আপনি আপনার স্ক্রীনিংয়ের অ্যাপয়েন্টমেন্টের নিয়ন্ত্রণে রয়েছেন এবং যে কোনো সময় সেটি বন্ধ করার জন্য বলতে পারেন।

## এই গবেষণা সমীক্ষাতে অংশগ্রহণের সম্ভাব্য সুবিধাগুলি কী?

কিছু মহিলা নিজেরাই ব্যস্ত থাকায় অথবা তাদের GP-র চিকিৎসা কেন্দ্র ব্যস্ত থাকায় সার্ভিকাল স্ক্রীনিংয়ের অ্যাপয়েন্টমেন্ট করা কঠিন হয়ে পড়ে। কিছু মহিলার কাছে চিকিৎসক বা নার্সকে দিয়ে পরীক্ষা করানোর বিষয়টি অস্বস্তিকর বা বিব্রতকর হতে পারে। আপনি এই গবেষণা সমীক্ষাতে অংশগ্রহণ করলে, আপনি নিজেই সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষাটি করতে পারবেন। আপনার কোনো অ্যাপয়েন্টমেন্ট বা পরীক্ষার প্রয়োজন হবে না।

অন্যান্য গবেষণা সমীক্ষাতে দেখা গিয়েছে যে, কিছু মহিলা যারা নিয়মিত সার্ভিকাল স্ক্রীনিং করাননি এবং এরপর তাদের নেওয়া একটি সেল্ফ-স্যাম্পলে অস্বাভাবিক সাভিকাল কোষগুলি ধরা পড়েছিল, এবং তারা তার সফলভাবে চিকিৎসা করিয়েছিলেন।

## সার্ভিকাল স্ক্রীনিংয়ের সেল্ফ-স্যাম্পলিং কিটগুলির ক্ষেত্রে ঝুঁকিগুলি কী?

আপনার নমুনা গ্রহণের সময় সোয়াবটি ভেঙ্গে যাওয়ার খুব সামান্য একটি সম্ভাবনা আছে। তবে, আপনি সোয়াবে অতিরিক্ত পরিমাণে বলপ্রয়োগ না করলে তা হওয়ার সম্ভাবনা খুবই কম। আমার আগের  গবেষণা সমীক্ষাগুলির কোনোটিতেই এমন ঘটনা ঘটেছে বলে রিপোর্ট হয়নি। অস্বাভাবিক ক্ষেত্রে সোয়াব ভেঙ্গে গেলে, সাবধানে তা বের করে নিন। নতুন কিটের জন্য আপনি আপনার GP-র চিকিৎসা কেন্দ্রে যোগাযোগ করতে পারেন।

যে মহিলারা আমাদের আগের গবেষণা সমীক্ষাগুলিতে সেল্ফ-স্যাম্পল নিয়েছিলেন, তাদের কোনো সমস্যা হয়েছিল বলে রিপোর্ট হয়নি। তাদের মতে পরীক্ষাটি করা সহজ এবং সুবিধাজনক।

কোনো স্ক্রীনিং পরীক্ষাই 100% কার্যকর নয়। কোনো HPV সংক্রমণ বাদ পড়ে যেতে পারে ('ভুলবশত: নেগেটিভ ফলাফল')।

এক্ষেত্রে আপনার কোনো অস্বাভাবিক উপসর্গ দেখা দিলে অবিলম্বে আপনার GP-র সঙ্গে দেখা করা জরুরী, বিশেষত: ঋতুচক্রের মাঝে, যৌনমিলনের পরে বা মেনোপজের পরে রক্তপাত, অথবা যোনিঘটিত ডিসচার্জে পরিবর্তন এর উপসর্গের মধ্যে পড়ে।

আপনার সার্ভিকাল স্ক্রীনিংয়ের সম্ভাব্য ঝুঁকি এবং সুবিধাগুলি বোঝা জরুরী। আপনি এখানে আরও তথ্য পেতে পারেন: www.gov.uk/phe/cervical-screening-leaflet.

## আমার দেওয়া নমুনাটির কী হবে?

পরীক্ষাগার একবার আপনার নমুনা পরীক্ষা এবং আপনার ফলাফল NHS ডেটাবেসে রেকর্ড করার পরে, যে কোনো অবশিষ্ট নমুনা থেকে আপনার ব্যক্তিগত বিবরণ সরিয়ে দেবে।

আপনার পরীক্ষাগারের সম্মতিপত্রের উপর দেওয়া বক্সে আপনার আদ্যাক্ষর দিয়ে আপনি লিখিতভাবে সম্মতি দিলে, পরীক্ষাগার আপনার অবশিষ্ট নমুনা রেখে দেবে এবং Guy’s ও St Thomas’ NHS Trust এর কোনো রিসার্চ টিস্যু ব্যাঙ্কে অনির্দিষ্টকাল সংরক্ষণের জন্য পাঠিয়ে দেবে। আপনার অবশিষ্ট নমুনা দিয়ে HPV এর সাথে সম্পর্কিত নৈতিকভাবে অনুমোদিত পরীক্ষাগুলি চালিয়ে যাওয়া হতে পারে, যা ভবিষ্যতে সার্ভিকাল স্ক্রীনিং-কে উন্নত করতে সাহায্য করতে পারে। আপনার নমুনা নিয়ে হওয়া যে কোনো ভবিষ্যতের পরীক্ষা আপনার উপর বা আপনার স্বাস্থ্যসেবার উপর কোনো প্রভাব বিস্তার করবে না।

আপনি আপনার অবশিষ্ট নমুনা রেখে দিতে না চাইলে, পরীক্ষাগারের সম্মতিপত্রে দেওয়া বক্সে আপনার আদ্যাক্ষর লিখবেন না। আপনি এই বক্সে নামের আদ্যাক্ষর না লিখলে, আপনার নমুনাটির HPV পরীক্ষা হওয়ার পরে পরীক্ষাগারের কর্মী সেটি নষ্ট করে দেবে।

## এই গবেষণা সমীক্ষা থেকে আমরা কী জানব?

প্রস্তাবিত ইউস্ক্রীন(YouScreen) কিটগুলি স্ক্রীনিং করা নারীদের সংখ্যা বাড়াতে এবং তাদের সার্ভিকাল ক্যান্সারের ঝুঁকি কমাতে সাহায্য করতে পারে কিনা তা আমরা জানতে পারব।

অন্যান্য দেশে সার্ভিকাল স্ক্রীনিংয়ের অংশ হিসাবে সেল্ফ-স্যাম্পলিং ইতিমধ্যেই চালু হয়ে গেছে। প্রস্তাবিত সেল্ফ-স্যাম্পলিং কিটগুলি একইভাবে ইংল্যান্ডেও কাজ করে কি না তা এই গবেষণা সমীক্ষাটি দেখবে।

তাছাড়াও আমরা দেখতে চাই যে, মহিলাদের সেল্ফ-স্যাম্পলে HPV পাওয়া গেলে তারা ফলো-আপ পরীক্ষার জন্য আসবেন কিনা।

সার্ভিকাল স্ক্রীনিং এবং সেল্ফ-স্যাম্পলিংয়ের উপর আমরা আপনার মতামত শুনতে চাই। আমরা আপনার ইউস্ক্রীন(YouScreen) কিটের সঙ্গে একটি প্রশ্নাবলী সংযুক্ত করেছি।

আপনি এই কিটটি ব্যবহার না করলেও আমরা আপনার মতামতের প্রত্যাশা রাখি। প্রশ্নাবলীটি বিনামূল্যে ফেরত দিতে পারবেন।

## আমার অংশগ্রহণ সম্বন্ধে কি আমার GP জানবেন?

হ্যাঁ, আপনার GP সার্জারি গবেষণা সমীক্ষাটিতে নিবন্ধন করেছে এবং সেই কারণেই অংশগ্রহণের জন্য আপনাকে আমন্ত্রণ করা হয়েছে।

## গবেষণা সমীক্ষাটি শেষ হয়ে যাওয়ার পরে আমি আমার নমুনা পাঠালে কী হবে?

আপনি আপনার ইউস্ক্রীন(YouScreen) কিটটি গবেষণা সমীক্ষা শেষ হয়ে যাওয়ার পরে পাঠালে, সেটি পরীক্ষা করা নাও হতে পারে। অনুগ্রহ করে, যত তাড়াতাড়ি সম্ভব নমুনা সংগ্রহ করে কিট সম্পূর্ণ করার 5 দিনের মধ্যে সেটি ফেরত পাঠান।

## আমি গবেষণা সমীক্ষা থেকে নাম প্রত্যাহার করতে চাইলে কী হবে?

আপনি ইউস্ক্রীন(YouScreen) গবেষণা সমীক্ষাতে অংশগ্রহণ যে কোনো সময় বন্ধ করতে পারেন, তবে আমাদের কাছে ইতিমধ্যে থাকা আপনার তথ্য আমরা রেখে দেব।

আপনি গবেষণা সমীক্ষাতে অংশগ্রহণ বন্ধ করার বিকল্পটি বেছে নিলে, আমরা আপনার GP রেকর্ড এবং NHS সার্ভিকাল স্ক্রীনিং ডেটাবেসথেকে আপনার স্বাস্থ্য সম্বন্ধীয় তথ্য সংগ্রহ করে যাব। এটি আপনি না চাইলে, অনুগ্রহ করে 13 পৃষ্ঠায় দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে গবেষণা সমীক্ষা দলের সঙ্গে যোগাযোগ করে আমাদের তা জানান।

আপনি গবেষণা সমীক্ষা থেকে নিজেকে প্রত্যাহার করবেন বলে সিদ্ধান্ত নিলেও, NHS সার্ভিকাল স্ক্রীনিং প্রোগ্রাম থেকে আপনি আপনার পরবর্তী পরীক্ষার নির্দিষ্ট তারিখে সার্ভিকাল স্ক্রীনিংয়ের জন্য উপস্থিত থাকার আমন্ত্রণ পাবেন।

## গবেষণা সমীক্ষার ফলাফলগুলির কী হবে?

ইংল্যান্ডে সার্ভিকাল স্ক্রীনিং বাকি আছে এমন নারীদের সেল্ফ-স্যাম্পলিং কিটগুলি প্রদানের সেরা পদ্ধতিটি বুঝতে, আমরা এই গবেষণা সমীক্ষা থেকে পাওয়া ফলাফলগুলি ব্যবহার করব। আমরা জ্ঞান বাড়ানোর উদ্দেশ্যে ফলাফলগুলি একটি মেডিকেল জার্নালে প্রকাশ করারও

আশা রাখি। আমরা গবেষণা সমীক্ষাটির ফলাফলগুলি www.smallc.org.uk/youscreen-তেও প্রকাশ করব। আপনি গবেষণা সমীক্ষার ফলাফলগুলির কোনো প্রতিলিপি নিতে চাইলে, এই পুস্তিকার শেষে দেওয়া যোগাযোগের তথ্য ব্যবহার করে গবেষণা সমীক্ষা দলের সঙ্গে যোগাযোগ করতে পারেন।

## আমার সম্বন্ধে সংগৃহীত তথ্য আপনারা কীভাবে ব্যবহার করবেন?

গবেষণা সমীক্ষার জন্য আপনার সম্বন্ধে আমাদের সংগৃহীত সমস্ত তথ্য নাম অপ্রকাশিত থাকবে। অধ্যয়নের প্রশ্নগুলির উত্তর দিতে King's College London এর গবেষকরা কেবলমাত্র অজ্ঞাত ডেটা পাবেন। আপনার তথ্যতে আপনার নামের বদলে একটি কোড নম্বর থাকবে এবং গবেষণা সমীক্ষা দল তাদের পাওয়া তথ্য থেকে আপনাকে শনাক্ত করতে পারবেন না। গবেষণা সমীক্ষার প্রশ্নগুলির উত্তর দিতে সমস্ত তথ্য একসাথে সংযুক্ত করতে কোড নম্বরটি ব্যবহার করা হবে। আমরা নিরাপদে King's College London-এ আপনার ডেটা সংরক্ষণ করে রাখব।

গোপনীয়তা সংক্রান্ত উপদেষ্টা দল (Confidentiality Advisory Group, CAG) নামে একটি স্বতন্ত্র দল গোপনীয় রোগীর তথ্য ব্যবহার নিয়ে বিশেষজ্ঞের পরামর্শ প্রদান করে। CAG দ্বারা সুপারিশকৃত স্বাস্থ্য গবেষণা কর্তৃপক্ষ (Health Research Authority, HRA) এই গবেষণা সমীক্ষার যোগ্য নারীদের শনাক্ত করার এবং তথ্য সংগ্রহের বিষয়ে তাদের সমর্থন আমাদের দিয়েছেন।

আপনি ডাকযোগে আপনার কিট পেলে, তার অর্থ দাঁড়ায় এই গবেষণা সমীক্ষায় অংশগ্রহণের জন্য আপনাকে আমন্ত্রণের জন্য আমরা NHS এবং পাবলিক হেলথ ইংল্যান্ড-এর মাধ্যমে আপনাকে শনাক্ত করতে পেরেছিলাম। এটি করতে, NHS কর্মী (যিনি আপনার প্রত্যক্ষ পরিচর্যা দলের অংশ হিসাবে বিবেচিত) আপনার নাম, NHS নম্বর, জন্ম তারিখ, ঠিকানা (পোস্টকোড সমেত) এবং আপনার GP এর চিকিৎসা কেন্দ্র সংক্রান্ত তথ্য কোনো ডাক সংস্থাকে (3য় পক্ষ) পাঠাবেন। ডাক সংস্থাটি ইউস্ক্রীন(YouScreen) কিট ডাকযোগে পাঠানোর ব্যবস্থা করে। ডাক সংস্থাটি NHS এর সঙ্গে নিয়মিতভাবে কাজ করে এবং চুক্তিমূলক চুক্তিতে আবদ্ধ। আপনার তথ্য নিশ্চিতভাবে গোপনীয় এবং নিরাপদ রাখতে তারা কঠোর নিরাপত্তার মানদন্ড মেনে চলবে।

আপনার নমুনা ফেরত দিয়ে, আপনি গবেষণা সমীক্ষা চলাকালীন গবেষণা সমীক্ষা দলকে পরীক্ষাগার থেকে আপনার সম্বন্ধে তথ্য সংগ্রহের সম্মতি দিচ্ছেন। এর মধ্যে আপনার সেল্ফ-স্যাম্পলিংয়ের ফলাফল এবং সার্ভিকাল স্ক্রীনিংয়ের পরবর্তীকালীন যে কোনো ফলাফল অন্তর্ভুক্ত রয়েছে। আপনি পরবর্তী সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা ও চিকিৎসার জন্য আপনার স্থানীয় হাসপাতালে গিয়ে থাকলে, হাসপাতাল রেকর্ড থেকে পাওয়া তথ্যও পরীক্ষাগারটি আমাদের প্রদান করবে। আপনার নমুনা ফেরত দিয়ে, আপনি গবেষণা সমীক্ষা শেষ হওয়ার 3 থেকে 6 বছর পরে সেল্ফ-স্যাম্পল ফেরত দিয়েছে এমন কোনো ব্যক্তির রোগনির্ণয় বিষয়ক তথ্য ন্যাশনাল ক্যান্সার রেজিস্ট্রির কাছে জিজ্ঞাসা করার অনুমতিও আমাদের দিচ্ছেন।

এই সম্মতি গবেষণা সমীক্ষাটি চলাকালীন অন্যান্য তথ্য সংগ্রহকে আওতাভুক্ত করে না, উদাহরণস্বরূপ, আপনার GPর চিকিৎসা কেন্দ্রের রেকর্ড এবং ন্যাশনাল সার্ভিকাল স্ক্রীনিংয়ের ডেটাবেস। HRA আমাদের গবেষণা সমীক্ষার প্রশ্নগুলির উত্তর দিতে আপনার GPর চিকিৎসা কেন্দ্রের রেকর্ড এবং এই গবেষণা সমীক্ষার যোগ্য সমস্ত নারীর জন্য ন্যাশনাল সার্ভিকাল স্ক্রীনিং ডেটাবেস থেকে নাম অপ্রকাশিত তথ্য সংগ্রহে সহায়তা করেছে। এই তথ্য গবেষণা সমীক্ষা শুরু হওয়ার পরে সর্বাধিক 18 মাস পর্যন্ত সম্পূর্ণ গবেষণা সমীক্ষাকালের জন্য সংগৃহীত হবে। আমরা সমস্ত যোগ্য নারীদের সম্বন্ধে এই নাম অপ্রকাশিত তথ্য সংগ্রহ করব, এদের মধ্যে কিট ফেরত দেননি এমন ব্যক্তিরাও থাকবেন। এটি আমাদের গবেষণাকে উপযোগী করে তোলে এবং কীভাবে ভবিষ্যতে সেল্ফ-স্যাম্পলিং ব্যবহার করা যেতে পারে সেই সম্বন্ধে তথ্য প্রদান করবে। আমদের সংগৃহীত তথ্যের মধ্যে আপনার বয়স, জাতিগত গোষ্ঠী, সাধারণ এলাকাগত অবস্থান, এবং আপনার অতীত ও ভবিষ্যতের সার্ভিকাল স্ক্রীনিং সম্বন্ধীয় বিশদ অন্তর্ভুক্ত থাকবে। আমরা কেবলমাত্র সার্ভিকাল সস্ক্রীনিং এবং গবেষণা সমীক্ষার প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করব (যেমন অতীতে আপনার কোনো সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা হয়ে থাকলে অথবা ভবিষ্যতে করানোর কথা হয়ে থাকলে সেই বিষয়ক তথ্য)। আমরা আপনার নাম বা শনাক্তযোগ্য বিবরণ এই তথ্যের সঙ্গে সংযুক্ত করব না।

**আপনি আমাদের সাথে আপনার নাম অপ্রকাশিত তথ্য শেয়ার করতে না চাইলে, আপনার GP-র চিকিৎসা কেন্দ্রে যোগাযোগ করে এটি থেকে বেরিয়ে আসতে পারেন।**

আপনি আপনার অবশিষ্ট নমুনা রেখে দেওয়ার অনুমতি দিলে, ভবিষ্যতে সার্ভিকাল স্ক্রীনিং উন্নত করতে সাহায্য করতে পারে এমন অতিরিক্ত গবেষণার জন্য আমরা আমাদের গবেষক অংশীদারদের (UK নির্ভর) সঙ্গে কাজ করব। এটি করার জন্য, এই গবেষণায় তাদের সাহায্যার্থে আমরা আপনার সম্বন্ধে নাম অপ্রকাশিত তথ্য তাদের সাথে শেয়ার করব।

আমাদের সংগৃহীত তথ্য হয় গবেষণার জন্য ব্যবহৃত হবে অথবা আপনার রেকর্ড দেখার উদ্দেশ্যে ব্যবহৃত হবে, যাতে গবেষণাটি উপযুক্তভাবে করা হচ্ছে বলে নিশ্চিত করা যায়। আমরা আপনার সমস্ত তথ্য নিরাপদ ও সুরক্ষিত রাখব।

যদি আমাদের পরীক্ষার প্রয়োজন হয় অথবা ভবিষ্যতের গবেষণার জন্য ব্যবহার করতে হয়, সেটি মাথায় রেখে গবেষণা সমীক্ষাটির শেষে, আমরা কিছু তথ্য সর্বাধিক 5 বছর পর্যন্ত রেখে দেব। আমরা নিশ্চিত করব যাতে আমাদের লেখা রিপোর্ট থেকে কেউ যাতে আপনার পরিচয় জানতে না পারে।

## আমার তথ্য কীভাবে ব্যবহৃত হয় সে বিষয়ে আরো তথ্য আমি কোথায় পাব?

2016 সালের সাধারণ ডেটা সুরক্ষার নিয়মকানুন (General Data Protection Regulation, GDPR) অনুযায়ী আপনার ডেটার প্রক্রিয়াকরণ হবে। কীভাবে আপনার ডেটার প্রক্রিয়াকরণ হবে সেই বিষয়ে আরো তথ্য এখানে যোগাযোগ করে পেতে পারেন:

- www.hra.nhs.uk/information-about-patients/-তে

- আমাদের ওয়েবসাইটে: https://www.ucl.ac.uk/legal-services/privacy/participants-health-and-care-research-privacy-notice
- data-protection@ucl.ac.uk-তে ইমেল পাঠিয়ে
- গবেষণা দলকে **020 784 89703 নম্বরে ফোন করে**

এখানেও আরো তথ্য পাওয়া যেতে পারে; www.hra.nhs.uk/patientdataandresearch

# অন্যান্য তথ্য

## এই গবেষণা সমীক্ষাটির আয়োজক কে এবং কে অর্থের সংস্থান করছেন?

North Central এবং East London Cancer Alliance এই YouScreen অধ্যয়নটির অর্থের সংস্থান করছে। NHS এর ইংল্যান্ড লন্ডন এলাকা এবং পাবলিক হেলথ ইংল্যান্ড এর কাছ থেকেও এটির সমর্থন আছে।

কিংস কলেজ লন্ডন-এ গবেষণা সমীক্ষাটি এবং ক্যান্সার প্রতিরোধ দলের স্পনসরের জন্য ইউনিভার্সিটি কলেজ লন্ডন এই গবেষণাটিকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

মূখ্য অনুসন্ধানকারী হলেন কিংস কলেজ লন্ডনে, ডাঃ অনিতা লিম।

## এই গবেষণা সমীক্ষাটি কে পর্যালোচনা করছে?

National Research Ethics Committee - West Midlands - South Birmingham Research Ethics Committee এই অধ্যয়নটি পর্যালোচনা করে অনুমোদন করেছে।

## আমার কোনো উদ্বেগ বা প্রশ্ন থাকলে আমি কার সঙ্গে যোগাযোগ করতে পারি?

### স্বাস্থ্য সম্পর্কিত উদ্বেগ বা প্রশ্ন

আপনার কোনো স্বাস্থ্য সম্পর্কিত উদ্বেগ বা সার্ভিকাল স্ক্রীনিং সম্বন্ধে কোনো প্রশ্ন থাকলে, আপনার GP-র সঙ্গে যোগাযোগ করুন।

যদি আপনার সেল্ফ-স্যাম্পলিং সম্বন্ধে কোনো প্রশ্ন থাকে, বা আরো তথ্য বা সহযোগিতা চান, তাহলে আপনি YouScreen Jo's Cervical Cancer Trust এর ফ্রিফোন হেল্পলাইনের 0808 801 0408 নম্বরে ফোন করতে পারেন অথবা https://www.jostrust.org.uk/ দেখতে পারেন।

মহিলাদের কাছে সার্ভিকাল স্ক্রীনিং কষ্টকর মনে হওয়ার অনেক কারণ আছে। এইসবের মধ্য দিয়ে কলকারীদের সহযোগিতা দেওয়ার জন্য হেল্পলাইনের স্বেচ্ছাসেবকরা বিশেষভাবে প্রশিক্ষিত আছেন।

### গবেষণা সমীক্ষাসম্পর্কিত উদ্বেগ বা প্রশ্ন

আপনার এই গবেষণা সমীক্ষার কোনো অভিমুখ নিয়ে কোনো উদ্বেগ থাকলে, গবেষকদের সঙ্গে কথা বলুন, যারা আপনার প্রশ্নের উত্তর যথাসম্ভব দেওয়ার চেষ্টা করবেন।

**মূখ্য অনুসন্ধানকারী: Dr Anita Lim, King's College London**

**ইমেল: youscreen-questions@kcl.ac.uk**

**ফোন: 020 784 89703**

আপনি যদি তাও অখুশি থাকেন এবং বিধিবৎ অভিযোগ দাখিল করতে চান, তাহলে আপনি রোগী পরামর্শ এবং সংযোগ বিষয়ক পরিষেবা (Patient Advice and Liaison Service, PALS)-তে যোগাযোগ করে সেটি করতে পারেন।

**ডাকযোগে: PALS Office Ground Floor**
**University College Hospital**
**235 Euston Road**
**London NW1 2BU**
**ইমেলের মাধ্যমে:** UCLH.pals@nhs.net
**ফোন: 0203 447 3042**

## For more information in other languages please visit: www.smallc.org.uk/youscreen

| | |
|---|---|
| **Arabic** | للمزيد من المعلومات بلغات أخرى، يرجى زيارة الموقع: www.smallc.org.uk/youscreen |
| **Bengali** | অন্যান্য ভাষাতে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন: www.smallc.org.uk/youscreen |
| **Chinese** | 如需其他语种的更多信息，请访问： www.smallc.org.uk/youscreen |
| **French** | Pour plus de renseignements dans d’autres langues, rendez-vous sur : www.smallc.org.uk/youscreen |
| **Greek** | Για περισσότερες πληροφορίες σε άλλες γλώσσες, επισκεφθείτε την ιστοσελίδα: www.smallc.org.uk/youscreen |
| **Hebrew** | למידע נוסף בשפות אחרות, בקר בכתובת: www.smallc.org.uk/youscreen |
| **Polish** | W celu uzyskania informacji w innych językach prosimy o odwiedzenie strony: www.smallc.org.uk/youscreen |
| **Portuguese** | Para mais informações em outros idiomas, visite www.smallc.org.uk/youscreen |
| **Punjabi** | ਹੋਰ ਭਾਸ਼ਾਵਾਂ ਵਿੱਚ ਵਧੇਰੇ ਜਾਣਕਾਰੀ ਲਈ ਕਿਰਪਾ ਕਰਕੇ ਇਸ ਵੈੱਬਸਾਈਟ 'ਤੇ ਜਾਓ: www.smallc.org.uk/youscreen |
| **Russian** | Для детальной информации на других языках, пройдите, пожалуйста, по ссылке: www.smallc.org.uk/youscreen |
| **Somali** | Wixii xog dheeraad ah oo ku qoran luuqado kale fadlan booqo barta: www.smallc.org.uk/youscreen |
| **Spanish** | Para obterner más información en otros idiomas consulte: www.smallc.org.uk/youscreen |
| **Swahili** | Ili upate maelezo zaidi kwa lugha nyingine tafadhali tembelea: www.smallc.org.uk/youscreen |
| **Thai** | ดูข้อมูลเพิ่มเติมในภาษาอื่น ๆ ได้ที่ : www.smallc.org.uk/youscreen |
| **Turkish** | Diğer dillerde daha fazla bilgi almak için: www.smallc.org.uk/youscreen |